গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
**পরিকল্পনা -৭ শাখা**

পত্র নং-১২.০৮৯.০১৪.০১.১২০.২০১৫/৩৭ তারিখঃ ০৪ ফেব্রুয়ারি, ২০১৬

## সভার বিজ্ঞপ্তি

কৃষি মন্ত্রণালয়ের আওতায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত **"ই-কৃষির মাধ্যমে কৃষি সম্প্রসারণ সেবা জোরদারকরণ ও ডিজিটাল ডকুমেন্টেশন"** শীর্ষক প্রকল্পের উপর 'প্রকল্প যাচাই কমিটি'র সভা সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী ১১ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখ বৃহস্পতিবার বিকাল ০২.৩০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (ভবন-৪, কক্ষ-৫১২) অনুষ্ঠিত হবে। সভার কার্যপত্র এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ** বর্ণনামতে।

(মোঃ নাজমুল আলম)
সিনিয়র সহকারী প্রধান
ফোন নং ৯৫৪৫৬০৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে সাজানো নয়)ঃ

১। মহাপরিচালক (বীজ) ও অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ/পিপিসি/সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই প্রোগ্রাম) এবং মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
৫। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৬। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, উপশহর, রাজশাহী।
৭। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৮। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৯। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
১০। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
১১। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুর, ঢাকা।
১২। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, পোঃ বক্স নং-৪, ময়মনসিংহ।
১৩। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এ্যাভিনিউ, ঢাকা-১২০৭।
১৪। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
১৫। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), সেচ ভবন, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
১৬। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
১৭। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, খামারবাড়ি, ঢাকা।
১৮। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।

(ক্রমিক ৩-১৮: সভায় আইসিটি সম্পর্কিত একজন প্রতিনিধি সহ উপস্থিতির অনুরোধ জানানো হলো।)

১৯। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জয়দেবপুর, গাজীপুর।
২০। পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২১। উপ-সচিব (প্রশাসন-৪), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২২। উপ-পরিচালক (আইসিটি ম্যানেজমেন্ট), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২৩। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)**।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। যুগ্ম সচিব, নিরাপত্তা শাখা-২, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপ-সচিব, প্রশাসন শাখা-২ (সেবা অধিশাখা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
**পরিকল্পনা -৭ শাখা**

**বিষয়ঃ প্রকল্প যাচাই কমিটির সভার কার্যপত্র ।**

১। **প্রকল্পের নাম** ঃ ই-কৃষির মাধ্যমে কৃষি সম্প্রসারণ সেবা জোরদারকরণ ও ডিজিটাল ডকুমেন্টেশন প্রকল্প

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের নাম** ঃ কৃষি মন্ত্রণালয়

৩। **বাস্তবায়নকারী সংস্থা** ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

৪। **প্রকল্প এলাকা** ঃ দেশের সকল উপজেলা, জেলা, অঞ্চল, কৃষি ইনস্টিটিউট এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রধান কার্যালয় ।

৫। **বাস্তবায়নকাল** ঃ

| | |
|---|---|
| আরম্ভ | জুলাই, ২০১৬ |
| সমাপ্তি | জুন, ২০২১ |

৬। **প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)** ঃ

| | |
|---|---|
| মোট | ৭৪২৬৫.২৫ |
| জিওবি | ৭৪২৬৫.২৫ |
| প্রকল্প সাহায্য | -- |

৭। **চলতি অর্থ বছরের এডিপিতে অন্তর্ভুক্তি ও বরাদ্দঃ**
প্রকল্পটি ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত নেই । তবে ২০১৫-১৬ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির সুপারিশ করা হয়েছে ।

৮। **বছর ভিত্তিক জিওবি অর্থের চাহিদা (লক্ষ টাকায়)ঃ**

| অর্থ বছর | চাহিদা | উৎস |
|---|---|---|
| ২০১৬-২০১৭ | ২১৫৩৪.২০ | |
| ২০১৭-২০১৮ | ১৯৭২৭.৪৫ | |
| ২০১৮-২০১৯ | ১১০০১.২০ | |
| ২০১৯-২০২০ | ১১০০১.২০ | |
| ২০২০-২০২১ | ১১০০১.২০ | |
| **মোট** | **৭৪২৬৫.২৫** | |

৯। **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ঃ**

৯.১ প্রতিটি কৃষকের কাছে প্রযুক্তিগত উন্নয়ন, পর্যাপ্ত তথ্য, বাজারের উৎস, কার্যকরী গবেষণা কার্যক্রম এবং সরকারের নীতি সম্মিলিত আকারে পৌছানো প্রয়োজন । এসকল উপাদান একীভূত করে প্রতিটি কৃষকের দোড়গোড়ায় পৌছে দেওয়া খুবই কঠিন কিন্তু অসম্ভব নয় । এ সমস্যা সমাধানের একটি কার্যকরী পদ্ধতি রয়েছে যার নাম ই-কৃষি । ইন্টারনেট, কম্পিউটার, রেডিও, টেলিভিশন, মোবাইল ফোন এবং ই-কৃষি কার্যক্রমের দক্ষতা ও কার্যক্ষমতা ব্যবহার করে কৃষকের সকল সমস্যা খুব সহজ ও কার্যকর ভাবে সমাধান করা সম্ভব । কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আইসিটি ভিত্তিক কার্যক্রমের সূচনা ও তার উত্তরোত্তর উন্নয়নের মাধ্যমে কৃষি সম্প্রসারণ কার্যক্রমকে আরো উন্নত পর্যায়ে বিস্তার ঘটানোর দক্ষতা ই-কৃষির রয়েছে । সকল উপজেলা কৃষি অফিসকে ওয়ান স্টপ ই-কৃষি সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে আধুনিকীকরণ করা যেতে

পারে। এতে সম্প্রসারণ কর্মী ও স্টেক হোল্ডারদের মাঝে অফিস অটো-মেশন, ই-গভার্নেন্স, ই- সার্ভিসেস, ই-কৃষি কার্যক্রমের সূচনা হতে পারে এবং ফিজিক্যাল ও ভার্চুয়াল নেটওয়ার্কিং স্থাপন সম্ভব।

৯.২ উক্ত প্রেক্ষাপটে জুলাই, ২০১৬ থেকে জুন, ২০২১ মেয়াদে মোট ৭৪২৬৫.২৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে সারা দেশে এ প্রকল্প বাস্তবায়ন করা হবে।

**১০। প্রকল্পের মূল কার্যক্রমঃ**

(১) ই-কৃষি সেল গঠন।
(২) কেন্দ্রিয় ও সমন্বিত কৃষি তথ্য পদ্ধতির প্রবর্তন।
  (ক) কৃষক ডাটাবেজ উন্নয়ন;
  (খ) কৃষি জলবায়ু ভিত্তিক ডাটাবেজ উন্নয়ন;
  (গ) কৃষি প্রযুক্তি ভান্ডার উন্নয়ন;
  (ঘ) মাটি,সার ও ফসলের রোগ এবং পোকামাকড় চিহ্নিতকরণ পদ্ধতি;
  (ঙ) কৃষি কার্যক্রম ও উৎপাদন সম্পর্কিত অনলাইন ভিত্তিক আগাম সতর্কীকরণ ও আবহাওয়ার পূর্বাভাস পদ্ধতি।
(৩) কৃষি কার্যক্রমের উপর সামাজিক নেটওয়ার্কিং পদ্ধতি।
(৪) প্রিসিশন ফার্মিং পদ্ধতি।
(৫) ডিজিটাল ডকুমেন্টেশন সেন্টার স্থাপন।
(৬) রিমোট সেন্সিং ও জিআইএস কার্যক্রমের মাধ্যমে আগাম সতর্কীকরণ ও কৃষি জমি ব্যবহার পরিকল্পনা উন্নয়নের জন্য জিআইএস ইউনিট স্থাপন।
(৭) জনবল নিয়োগ।
(৮) সার্ভিস ইনোভেশন ফান্ড।
(৯) কিওস্ক।
(১০) ইন্টারাক্টিভ আই বোর্ড।
(১১) মোবাইল আইসিটি প্রশিক্ষণ ভ্যান।
(১২) আইসিটি প্রশিক্ষণ ল্যাব ইন এটিআই।

**১১। প্রকল্পের উদ্দেশ্যঃ**

(ক) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে ই-কৃষি সেবা কার্যক্রম সম্প্রসারণ;
(খ) কৃষক ডাটাবেজ, কৃষি বিষয়ক ডাটাবেজ, জাতিয় কৃষি প্রযুক্তি বিষয়ক ডাটাবেজ তৈরিকরণ;
(গ) মাঠ পর্যায়ের সকল অফিসে আইসিটি হার্ডওয়্যার সরবরাহ করা;
(ঘ) উপজেলা পর্যায়ের সকল অফিসে একটি করে ই-কৃষি সেল স্থাপন;
(ঙ) মোবাইল ভিত্তিক কৃষি সম্প্রসারণ সেবা চালুকরণ;
(চ) রিমোট সেন্সিং প্রযুক্তির মাধ্যমে ভূমি ব্যবহারসহ কৃষি পরিকল্পনা পর্যায়ে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে জিআইএস সেন্টার স্থাপন; এবং
(ছ) আইসিটি নীতি-২০১৫ এর আলোকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারিদের আইসিটি বিষয়ক দক্ষতা বৃদ্ধি।

১২। **কৃষি মন্ত্রণালয়ের মতামতঃ**

১২.১ কৃষি মন্ত্রণালয় ও এর আওতায় বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানকে ডিএই'র e-agriculture নেটওয়ার্কের সাথে সম্পৃক্ত করার সুযোগ রাখা প্রয়োজন। বিশেষ করে কৃষি তথ্য সার্ভিস এ প্রকল্পের সাথে অন্তর্ভুক্ত হতে পারে। এছাড়া, যেহেতু e-agriculture, e-governance এবং e- services এর ধারণাগুলো নতুন, ফলে এধরনের নতুন প্রকল্প বাস্তবায়ন সারাদেশ ব্যাপীর পরিবর্তে প্রাথমিকভাবে পাইলট আকারে গ্রহণ করা যেতে পারে। এর ফলে প্রকল্প বাস্তবায়নে উদ্ভুত সমস্যা চিহ্নিত করে পরবর্তী ধাপে প্রকল্প বাস্তবায়নে সহজতর হবে।

১২.২ প্রকল্পটি মোট ৭৪২৬৫.২৫ লক্ষ টাকায় পাঁচ বছর মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রতি অর্থ বছরের এডিপি হতে প্রকল্পের অনুকূলে ১০০.০০ কোটি টাকার বেশি বরাদ্দ প্রদান করা কৃষি মন্ত্রণালয়ের পক্ষে সম্ভব কি-না সে বিষয়ে সভায় আলোচনা হতে পারে।

১২.৩ কৃষি তথ্য সাভিসের আওতায় **"কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রের মাধ্যমে ডিজিটাল কৃষি তথ্যের প্রচলন ও গ্রামীণ জীবন মান উন্নয়ন"** শীর্ষক প্রকল্পটি ১৮৮০.০০ লক্ষ টাকা ব্যয়ে দেশের ৩৪টি জেলায় বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটি জুন, ২০১৫ এ সমাপ্ত হয়েছে। উল্লিখিত প্রকল্প হতে কী ধরণের ধারণা নেয়া হয়েছে তা জানা প্রয়োজন।

১২.৪ প্রস্তাবিত প্রকল্পে মোট ৫৭৮৭৭.৫০ লক্ষ টাকার হার্ডওয়ার ও সফটওয়ার ক্রয় করা হবে। এ বিপুল অংকের অর্থে ক্রয়কৃত হার্ডওয়ার ও সফটওয়ার ব্যবস্থাপনার মতো দক্ষ জনবল কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের রয়েছে কি-না সে বিষয়ে সংস্থা হতে সভাকে অবগত করানো যেতে পারে।

১২.৫ প্রকল্প গ্রহণের যৌক্তিকতা যথাযথভাবে প্রতিফলিত হয়নি। মূলতঃ প্রকল্প গ্রহণের ফলে বাংলাদেশের কৃষির সার্বিক উন্নয়নে কী ভূমিকা রাখবে এবং কৃষক কীভাবে উপকৃত হবে তা বিস্তারিতভাবে উল্লেখ করা প্রয়োজন। প্রকল্পের শিরোনামে Strengthening Agriculture Extension Services through E-Agriculture উল্লেখ করা হয়েছে। ফলে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ডিএইতে ইতোমধ্যে যেসব ICT সুবিধা তৈরি হয়েছে তার একটি চেকলিস্ট প্রকল্প দলিলে সন্নিবেশ করা প্রয়োজন।

১২.৬ প্রকল্পের আওতায় হার্ডওয়ার যন্ত্রপাতির একক ব্যয় অত্যধিক মর্মে প্রতীয়মান হয়। হার্ডওয়ার যন্ত্রপাতির সংখ্যা ও মূল্য নির্ধারণ যুক্তিসংগত করা দরকার।

১২.৭ প্রকল্পের আওতায় ৪০০০০টি Smart phone ১২০০০.০০ লক্ষ টাকায় ক্রয়ের সংস্থান রাখা হয়েছে। এতো সংখ্যক Smart phone কাদেরকে প্রদান করা হবে তা উল্লেখ করা প্রয়োজন। তথ্য আদান-প্রদানে কৃষকের নিকট Smart phone না থাকলে এ উদ্যোগ ব্যহত হতে পারে। এছাড়া, এর একক ব্যয় (৩০ হাজার টাকা) অধিক মর্মে প্রতীয়মান হয়-যা যুক্তিসংগত পর্যায়ে হ্রাস করা দরকার।

১২.৮ ডিপিপি পৃষ্ঠা ৫৯ এ প্রকল্প পরিচালকের জন্য ৪টি জীপ ক্রয়ের সংস্থান রাখা হয়েছে। এ বিষয়ে সংস্থার ব্যাখ্যা প্রয়োজন। পাশাপাশি ডিপিপি পৃষ্ঠা ৩০-এ উল্লেখ করা হয়েছে যে, জীপ ৪টি যথাক্রমে পরিচালক (আইসিটি উইং, ডিএই), অতিরিক্ত পরিচালক (আইসিটি ম্যানেজমেন্ট), প্রকল্প পরিচালক এবং জিআইএস ম্যানেজার ব্যবহার করবেন। প্রকল্পের আওতায় শুধুমাত্র প্রকল্প পরিচালকের জন্য ১টি জীপ ক্রয়ের সংস্থান

রাখা যেতে পারে। তাছাড়া, প্রকল্পের আওতায় ডাবল কেবিন পিক আপ ২৫টি, মাইক্রোবাস ২টি এবং মোবাইল ভ্যান ১টি ক্রয়ের সংস্থান রাখা হয়েছে-যা হ্রাস করা প্রয়োজন।

১২.৯ কৃষক ডাটাবেজ উন্নয়ন খাতে ৩৬০.০০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। কৃষক ডাটাবেজ উন্নয়নের লক্ষ্যে নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় পত্রের ডাটাবেজ এর সাথে সংযোগ স্থাপন করা যায়। এতে সরকারি অর্থের সাশ্রয় হবে।

১২.১০ প্রকল্পের আওতায় আউটসোর্সিং খাতে ৫০জন জনবল বাবদ মোট ১২.৭৭ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। জনবলের সংখ্যা ও ব্যয় হ্রাস করা প্রয়োজন।

১২.১১ সার্ভিস ইনোভেশন ফান্ড বাবদ মোট ১০.২০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। এ খাতের ব্যয় কীভাবে হবে সে সম্পর্কে ডিপিপিতে স্পষ্টীকরণের প্রয়োজন।

১২.১২ ডিপিপি পৃষ্ঠা ৬৪-এ সকল পরামর্শক আউটসোর্সিং এ নিয়োগ প্রাপ্ত হবেন উল্লেখ থাকলেও ডিপিপি পৃষ্ঠা ৩১-এ সরাসরি নিয়োগের বিষয়টি উল্লেখ রয়েছে। প্রকল্পের জনবল নিয়োগের পদ্ধতিতে সামঞ্জস্য থাকা প্রয়োজন। এছাড়া, প্রকল্পে সংস্থানকৃত পরামর্শকগণের কার্যপরিধি ডিপিপিতে প্রদান করতে হবে।

১২.১৩ প্রকল্পের অপরাপর ত্রুটি/অসঙ্গতি কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং এর সাথে আলোচনাপূর্বক সংশোধন করা প্রয়োজন। এছাড়া, ডিপিপিতে প্রদানকৃত সকল তথ্য উপাত্ত সূত্রসহ হালনাগাদকৃত হওয়া প্রয়োজন।

১২। প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনঃ

*(লক্ষ টাকা)*

| ক্রঃ নং | কোড | আইটেমের নাম | যাচাই কমিটিতে প্রস্তাবিত | | যাচাই কমিটি কর্তৃক সুপারিশকৃত | |
|---|---|---|---|---|---|---|
| | | | সংখ্যা | ব্যয় | সংখ্যা | ব্যয় |
| ক) রাজস্ব ব্যয় | | | | | | |
| ১। | ৪৫০০ | অফিসারদের বেতন | ৬ জন | ২৪০.০০ | | |
| ২। | ৪৬০০ | কর্মচারীদের বেতন | ১০ জন | ২০০.০০ | | |
| ৩। | ৪৭০০ | ভাতাদি | ১৬ জন | ১৬০.০০ | | |
| ৪। | ৪৮০১ | পিডি অফিসের ভ্রমণ ব্যয় | থোক | ২০০.০০ | | |
| ৫। | ৪৮০৪ | পিডি অফিসের আনুষঙ্গিক ব্যয় | থোক | ২০.০০ | | |
| ৬। | ৪৮০৫ | ওভার টাইম | ৭ জন | ১৭.৫০ | | |
| ৭। | ৪৮১৬ | টেলিফোন সংযোগ ও বিল | থোক | ১৭.৫০ | | |
| ৮। | ৪৮১৮ | রেজিস্ট্রেশন | ৫ টি | ৫.০০ | | |
| ৯। | ৪৮২২ | জ্বালানী | থোক | ৮০.০০ | | |
| ১০। | ৪৮২৩ | পেট্রল ও লুব্রিকেন্ট | থোক | ৮০.০০ | | |
| ১১। | ৪৮২৪ | যানবাহনের বীমা | ৪ টি | ৮০.০০ | | |
| ১২। | ৪৮২৭ | মূদ্রণ ও প্রকাশনা | থোক | ৫০.০০ | | |
| ১৩। | ৪৮২৮ | স্টেশনারী | থোক | ৫০.০০ | | |
| ১৪। | ৪৮৩২ | অডিও, ভিডিও | থোক | ২৫০.০০ | | |
| ১৫। | ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপন | থোক | ৭০.০০ | | |
| ১৬। | ৪৮৪০ | কর্মকর্তাদের প্রশিক্ষণ | ১৯২ ব্যাচ | ৬৪৩.০০ | | |
| ১৭। | ৪৮৪০ | এসএএও দের প্রশিক্ষণ | ৩২০ ব্যাচ | ৭০৪.৮০ | | |
| ১৮। | ৪৮৪০ | কৃষক প্রশিক্ষণ | ৫১২ ব্যাচ | ১০২৪.০০ | | |
| ১৯। | ৪৮৪০ | বৈদেশিক প্রশিক্ষণ | ৪ ব্যাচ | ২৮০.০০ | | |
| ২০। | ৪৮৪২ | জাতীয় ওয়ার্কসপ | ৫ টি | ২৮.৭৫ | | |
| ২১। | ৪৮৪২ | আঞ্চলিক ওয়ার্কসপ | ৭০ টি | ২১০.০০ | | |
| ২২। | ৪৮৪২ | ডিজিটাল প্লাটফর্ম | থোক | ৩৬০০.০০ | | |
| ২৩। | ৪৮৪২ | প্রযুক্তি ডেসিমিনেশন | থোক | ১০০.০০ | | |
| ২৪। | ৪৮৫৪ | কনজিউমাবল স্টোর | থোক | ৫০.০০ | | |
| ২৫। | ৪৮৭৪ | পরামর্শক ফার্ম | থোক | ১০.০০ | | |
| ২৬। | ৪৮৭৪ | পরামর্শক আইসিটি | ১ জন | ১৫০.০০ | | |
| ২৭। | ৪৮৮৩ | সম্মানী | থোক | ১০.০০ | | |
| ২৮। | ৪৮৮৮ | টোনার ও অন্যান্য | থোক | ২৫০.০০ | | |
| ২৯। | ৪৮৬৩ আউটসোর্সিং (১২৭৭.৫০ লক্ষ টাকা) | ডাটা এনালিস্ট (জিআইএস) | ১ জন | ৪৯.০০ | | |
| ৩০। | | ডাটা এন্ট্রি অপারেটর (জিআইএস) | ১ জন | ৩৫.০০ | | |
| ৩১। | | ফিল্ড অপারেটর (জিআইএস) | ২ জন | ৭০.০০ | | |
| ৩২। | | নেটওর্য়াক এডমিনিস্টর | ১ জন | ৪৯.০০ | | |
| ৩৩। | | ডাটাবেজ এডমিনিস্টর | ১ জন | ৪৯.০০ | | |
| ৩৪। | | সিস্টেম ইঞ্জিনিয়ার (আইসিটি) | ১ জন | ৪৯.০০ | | |
| ৩৫। | | ওয়েব ম্যানেজার | ১ জন | ৪৯.০০ | | |
| ৩৬। | | প্রোগ্রামার | ১ জন | ৪৯.০০ | | |
| ৩৭। | | ডাটা এন্ট্রি অপারেটর (আইসিটি) | ৪ জন | ১৪০.০০ | | |
| ৩৮। | | কম্পিউটার অপারেটর (আইসিটি) | ৫ জন | ১৭৫.০০ | | |
| ৩৯। | | টেকনিশিয়ান (আইসিটি) | ২ জন | ৫৬.০০ | | |
| ৪০। | | ড্রাইভার | ২৫ জন | ৪৩৭.৫০ | | |
| ৪১। | | এমএলএসএস | ৫ জন | ৭০.০০ | | |
| ৪২। | ৪৮৯৯ | অন্যান্য খরচ | থোক | ৮৫.৫০ | | |
| | | **মেরামত ও রক্ষণাবেক্ষণ** | | | | |
| ৪৩। | ৪৯১৬ | যন্ত্রপাতি ও মেশিনারী | থোক | ১০০.০০ | | |
| ৪৪। | ৪৯২১ | ডাটা সেন্টার | ১ টি | ৩২৫.০০ | | |
| ৪৫। | ৪৯২১ | কেন্দ্রিয় ওয়ার্কসপ/সার্ভিস সেন্টার | ১ টি | ৭০.০০ | | |
| ৪৬। | ৪৯২১ | প্রশিক্ষণ কেন্দ্র | ৮ টি | ৬০০.০০ | | |
| ৪৭। | ৪৯২১ | অন্যান্য মেরামত ও সংরক্ষণ | থোক | ১৫০.০০ | | |
| ৪৮। | ৫৯৬৫ | সার্ভিস ইনভেশন ফান্ড | ৩৪ টি | ১০২০.০০ | | |
| | | উপমোটঃ রাজস্ব ব্যয় | | ১২২০৯.২৩ | | |

| ক্রঃ নং | কোড | আইটেমের নাম | যাচাই কমিটিতে প্রস্তাবিত | | যাচাই কমিটি কর্তৃক সুপারিশকৃত | |
|---|---|---|---|---|---|---|
| | | | সংখ্যা | ব্যয় | সংখ্যা | ব্যয় |
| **খ) মূলধন ব্যয়ঃ** | | | | | | |
| ৪৯। | ৬৮০৭ | জীপ (প্রকল্প পরিচালকের জন্য) | ৪ টি | ২৮৫.২০ | | |
| ৫০। | ৬৮০৭ | মাইক্রোবাস | ২ টি | ৭৭.০০ | | |
| ৫১। | ৬৮০৭ | মোবাইল ট্রেনিং ভ্যান (মাইক্রোবাস) | ১ টি | ১৫০.০০ | | |
| ৫২। | ৬৮০৭ | ডাবল কেবিন পিক আপ | ২৫ টি | ১১৭৫.০০ | | |
| ৫৩। | ৬৮১২, ৬৮১৫, ৬৮২১, ৬৮২৭ হার্ডওয়ার (১৭৪৫২.৫০ লক্ষ টাকা) | জিআইএস হার্ডওয়ার | থোক | ২৪২.০০ | | |
| ৫৪। | | হাই ডেফিনিশন ডিজিটাল ক্যামেরা | ৬০০ টি | ৩৯০.০০ | | |
| ৫৫। | | ভিডিও ক্যামেরা | ১১ টি | ১১.০০ | | |
| ৫৬। | | ক্লোজ সার্কিট ক্যামেরা | ৩০ টি | ২২.৫০ | | |
| ৫৭। | | ডিজিটাল ভিডিও রেকর্ডার | ৪ টি | ১০.০০ | | |
| ৫৮। | | নেটওয়ার্ক যন্ত্রপাতি | থোক | ১৫০.০০ | | |
| ৫৯। | | কিওস্ক | ১০৩ টি | ৫১৫.০০ | | |
| ৬০। | | আই বোর্ড | ৮৫ টি | ৮৫০.০০ | | |
| ৬১। | | ফটোকপিয়ার | ১০৫ টি | ৩১৫.০০ | | |
| ৬২। | | সার্ভার | ৬ টি | ১৫০.০০ | | |
| ৬৩। | | স্টোরেজ এরিয়া নেটওয়ার্ক | ২ টি | ১০০.০০ | | |
| ৬৪। | | ল্যাপটপ | ৭০০ টি | ৫৬০.০০ | | |
| ৬৫। | | ওয়াই ফাই সংযোগসহ প্রিন্টার | ৬০০ টি | ৩০০.০০ | | |
| ৬৬। | | স্ক্রিনসহ মাল্টিমিডিয়া | ৬০০ টি | ৪৮০.০০ | | |
| ৬৭। | | ট্যাবলেট পিসি | ২৫০০ টি | ৬২৫.০০ | | |
| ৬৮। | | পোর্টেবল প্রোজেক্টর | ৬০০ টি | ১৫০.০০ | | |
| ৬৯। | | ওয়াই ফাই রাউটার | ৬০০ টি | ১৫০.০০ | | |
| ৭০। | | স্ক্যানার | ৬০০ টি | ৬০.০০ | | |
| ৭১। | | টেলিফোন সেট এবং সংযোগ | ১২ টি | ২.৪০ | | |
| ৭২। | | স্মার্টফোন | ৪০০০০ টি | ১২০০০.০০ | | |
| ৭৩। | | বায়োমেট্রিক মেশিন | ৪ টি | ২.৮০ | | |
| ৭৪। | | কার্ড মেকার/ক্রেডিট কার্ড তৈরি যন্ত্র | ২ টি | ১২.০০ | | |
| ৭৫। | | ব্যাঙ্ক কার্ড ও আনুষঙ্গিক | ৪০০০০ টি | ১০.০০ | | |
| ৭৬। | | পরিচয় পত্র | ৪৫০০০ টি | ২২.৫০ | | |
| ৭৭। | | ফ্যাক্স | ৯৬ টি | ২৮.৮০ | | |
| ৭৮। | | এসি (৩ টি সার্ভার কক্ষসহ) | ১৫ টি | ২২.৫০ | | |
| ৭৯। | | অনলাইন ইউপিএস | ৬ টি | ৯০.০০ | | |
| ৮০। | | ইন্টারকম টেলিফোন সেট | ৫০০ টি | ৮০.০০ | | |
| ৮১। | | যানবাহন পার্কিং পারমিট স্টিকার | ১৫০০ টি | ১.০০ | | |
| ৮২। | ৬৮১৭, ৬৮২১ সফটওয়ার (৪০৪২৫.০০ লক্ষ টাকা) | রিমোট সেনসিং ও জিআইএস সফটওয়ার | থোক | ১৫০.০০ | | |
| ৮৩। | | এনড্রয়েড প্লাটফর্ম ডেভেলপমেন্ট | থোক | ১৫০.০০ | | |
| ৮৪। | | ওয়েব পোর্টাল এগ্রি ইস্যু ডেভেলপমেন্ট | ১ টি | ২৫.০০ | | |
| ৮৫। | | কৃষক ডাটাবেজ ডেভেলপমেন্ট | থোক | ৩৬০০০.০০ | | |
| ৮৬। | | কনটেন্ট ডিজিটাইজিং | থোক | ২০০.০০ | | |
| ৮৭। | | অফ লাইন কনটেন্ট ডেভেলপমেন্ট | থোক | ২৫০.০০ | | |
| ৮৮। | | অন লাইন রিপোর্টিং | থোক | ২০০.০০ | | |
| ৮৯। | | সেল ফোন এপ্লিকেশন সিস্টেম | থোক | ২০০.০০ | | |
| ৯০। | | অন লাইন এপ্লিকেশন এন্ড টেকনোলোজি কমপেনডিয়াম | থোক | ২০০.০০ | | |
| ৯১। | | এসএএওগণের জন্য ডিজিটাল তথ্য ব্যবস্থাপনা সিস্টেম | থোক | ২০০.০০ | | |
| ৯২। | | অনলাইন সার্ভে/এসএএওদের রিপোর্ট | থোক | ২২৫০.০০ | | |
| ৯৩। | | ভিডিও কনফারেন্সিং ও দূর শিক্ষণ কার্যক্রম | থোক | ২৫০.০০ | | |
| ৯৪। | | ডিজিটাল ডকুমেন্ট ব্যবস্থাপনা পদ্ধতি | থোক | ২০০.০০ | | |
| ৯৫। | | ডিএই হেড কোয়াটারে ডিজিটাল নিরাপত্তা সিস্টেম | থোক | ১৫০.০০ | | |
| ৯৬। | | প্রকল্প পরিচালকের দপ্তরের আসবাবপত্র | থোক | ২৫৪.৫৫ | | |
| | | **উপমোটঃ মূলধন ব্যয়** | | **৫৯৬৬৯.২৫** | | |
| ৯৭। | | ফিজিক্যাল কন্টিনজেন্সী | | ৫৯৬.৬৯ | | |
| ৯৮। | | প্রাইস কন্টিনজেন্সী | | ১৭৯০.০৮ | | |
| | | **সর্বমোট প্রকল্প ব্যয়** | | **৭৪২৬৫.২৫** | | |